

স্মারক নং-৫১.০১.০০০০.০০৪.১১.০২৬.১৪-২৯০,

তারিখঃ ০৮/০৪/২০১৫ খ্রিঃ।

নিয়োগ পত্র

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২৫/১১/২০১৪ তারিখের ০৫.০০.০০০০.৪১০.১১.০০৩.১২-৪৩৯ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্র এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ১৪/১২/২০১৪ তারিখের ৫১.০১.০০০০.০০৪.১১.০২৬.১৪-১০০৭ নং স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়/জেলা কার্যালয়ে গাড়ী চালক এর শূন্য পদে নিয়োগ সংক্রান্ত বিষয়ে বিভাগীয় নিয়োগ/ বাছাই কমিটি কর্তৃক সকল প্রক্রিয়া সম্পাদন পূর্বক সর্বশেষ ২৯/৩/২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল/২০০৯ এর টাকা ৪৭০০-২৬৫৫৭-৬৫৫৫-ইবি-২৯০৫১১-৯৭৪৫/- ও সরকার প্রদত্ত অন্যান্য সুবিধাসহ উল্লেখিত শর্তাধীনে গাড়ী চালক হিসেবে নিয়োগ প্রদান করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো এবং পদায়নকৃত কর্মস্থলে আগামী ২০/০৪/২০১৫ তারিখের মধ্যে যোগদান করতে নির্দেশ দেয়া হ'লঃ

ক্রঃনং	নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১।	মোঃ মুকিত হোসেন (জন), পিতা মৃত-মোতাহার হোসেন, মাতা-বেগম জার্নাতা হোসেন, মহল্লা-মল্লিকহাটি (মধ্যপাড়া), থানা+পোঃ+জেলা-নাটোর-৬৪০০।	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, রাজশাহী।
২।	বিপুল চন্দ্র রায়, পিতা-সুভাষ চন্দ্র রায়, মাতা-জ্যোতা রানী রায়, গ্রাম-কৃষ্ণকান্ত, পোঃ-সিন্দুর মতি, থানা-লালমনিরহাট, জেলা-লালমনিরহাট।	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, বরিশাল।
৩।	মোঃ মোস্তফা, পিতা-মোঃ সাহেদ আলী, মাতা-রোকেয়া বেগম, গ্রাম-খিলপাড়া, পোঃ+থানা+জেলা-কিশোরগঞ্জ।	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, খুলনা।

শর্তাবলীঃ-

- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (কর্মকর্তা এবং কর্মচারী) নিয়োগ বিধিমালা- ১৯৯৫ অনুসারে ২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ হিসাবে নিয়োগ করা হলো। যদি উক্ত সময়কালের মধ্যে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক না হয়, কিংবা তার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকে তবে কর্তৃপক্ষ তাঁর চাকুরীর অবসান ঘটাতে পারবেন।
- চাকুরীতে যোগদানের সময় সুস্থতা ও সরকারী চাকুরী করার উপযুক্ততার সমর্থনে সিভিল সার্জন/সরকার অনুমোদিত ডাক্তারের নিকট হতে সার্টিফিকেট গ্রহণপূর্বক যোগদান পত্রের সঙ্গে দাখিল করতে হবে।
- চরিত্র ও প্রাক কার্যাবলীর পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক হতে হবে। তাঁকে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের ১৫ (পনের) দিনের মধ্যে পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে তার নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।
- সাধারণ জেলা কোটা ব্যতীত অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তদের এ সংক্রান্ত মূল সনদপত্র যাচাই এর জন্য যোগদানের সময় জমা প্রদান করতে হবে। উক্ত সনদপত্র সমূহের যথার্থতা যাচাই করা হবে। যদি যাচাই এ সত্যতা না পাওয়া যায় তবে তাদের এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- ১৪ (চৌদ্দ) দিনের নোটিশ অথবা ১৪ দিনের অগ্রিম বেতন দিয়ে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় তাকে চাকুরী হতে অপসারণ করতে পারবেন। চৌদ্দ দিনের বেতন ফেরৎ দিয়ে কর্মচারী নিজেও চাকুরী হতে ইস্তফা দিতে পারবেন।
- নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ব্যক্তির নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট কার্যালয়ে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

  
(মোহাম্মদ আব্দুল ওয়াজেদ)

মহাপরিচালক  
(অতিরিক্ত সচিব)  
ফোনঃ ৯৮৪১৫৮১।  
E-mail:dg@ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০০৪.১১.০২৬.১৪- ২৯০,


তারিখঃ ০৮/০৪/২০১৫ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলোঃ-

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, বরিশাল/খুলনা/রাজশাহী।
- ৩। উপ-পরিচালক(বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বরিশাল/খুলনা/রাজশাহী।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বরিশাল/খুলনা/রাজশাহী।
- ৭। হিসাব রক্ষক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৯। পরিচালক (প্রশাসন)মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ১০। জনাব .....

(রেজিঃ ডাকযোগে প্রেরিত হলো)। তাকে আগামী ২০/০৪/২০১৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ পদায়নকৃত কার্যালয়ে যোগদানের নির্দেশ দেয়া হলো।

১১। সংরক্ষণ/ব্যক্তিগত নথি।

  
(মোঃ একরামুল হক)  
উপ-পরিচালক (প্রশাসন-২)